**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১২৯/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৩ জানুয়ারি ২০১৮, ২০ পৌষ ১৪২৪**

১। সুশাসন প্রতিষ্ঠায় রাষ্ট্রের তিন বিভাগের সমন্বয় জরুরি : সুপ্রিম কোর্ট দিবসের অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। শপথ নিলেন তিন মন্ত্রী ও এক প্রতিমন্ত্রী

৩। কর্মবিমুখ জাতি গড়তে চাই না : জাতীয় সমাজসেবা দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। একনেকে ১৬ প্রকল্প অনুমোদন

৫। স্বাস্থ্যকর্মীদের ঝুঁকি ভাতা চালু করতে কমিটি গঠনের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রী'র

৬। মাদক নির্মূলে জাতীয় ঐকমত্য প্রয়োজন : প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

৭। ফেনীতে দেশের প্রথম ছয় লেন ফ্লাইওভার উদ্বোধন আগামীকাল

৮। হাওরে বাঁধ নির্মাণে অনিয়ম-দুর্নীতির অভিযোগে ৬১ জনের বিরুদ্ধে মামলা চলবে

৯। নির্বাচন কমিশনের খসড়া তালিকা অনুযায়ী দেশে ভোটার ১০ কোটি ৪০ লাখ

১০। শৈত্যপ্রবাহ এ মাসেই, নদী অববাহিকায় থাকবে কুয়াশা : আবহাওয়া অধিদফতর

চলমানপাতা/২

**১।	সুশাসন প্রতিষ্ঠায় রাষ্ট্রের তিন বিভাগের সমন্বয় জরুরি : সুপ্রিম কোর্ট দিবসের অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশ ও জনগণের কল্যাণকে অগ্রাধিকার দিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে রাষ্ট্রের তিন বিভাগের প্রতি আহ্বান জানিয়েছেন। সুপ্রিম কোর্ট দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দান কালে তিনি এ আহ্বান জানান। গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহ্হাব মিয়া আয়োজিত এ অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, 'আমাদের মনে রাখতে হবে এ ক্ষেত্রে কেউ কারও প্রতিদ্বন্দ্বী নয়, বরং সহযোগী। দায়িত্ব পালনকালে মনে রাখতে হবে, এক বিভাগের কর্মকাণ্ডে যাতে অন্য বিভাগের কর্মকাণ্ড কোনোভাবেই বাধাগ্রস্ত না হয় বা জাতীয় স্বার্থ বিঘ্নিত না হয়'। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**২।	শপথ নিলেন তিন মন্ত্রী ও এক প্রতিমন্ত্রী**

বর্তমান মন্ত্রিসভায় নতুন করে যুক্ত হলেন তিনজন মন্ত্রী ও একজন প্রতিমন্ত্রী। এর মধ্যে একজন প্রতিমন্ত্রী পূর্ণাঙ্গ মন্ত্রী হলেন। পূর্ণ মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ, তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ মোস্তফা জব্বার ও লক্ষ্মীপুরের সংসদ সদস্য এ কে এম শাহজাহান কামাল আর রাজবাড়ীর এমপি কাজী কেরামত আলী প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) এ চারজনকে শপথ পাঠ করান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। বঙ্গভবনের দরবার হলে আয়োজিত এ শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)। **জনকণ্ঠ, সংবাদ, ভোরের কাগজ, নিউজ টুডে, অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	কর্মবিমুখ জাতি গড়তে চাই না : জাতীয় সমাজসেবা দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তার সরকার কোনোভাবেই কর্মবিমুখ জাতি গড়ে তুলতে চায় না, বরং যার যা কর্মদক্ষতা ও কর্মশক্তি আছে সেটাকে কাজে লাগিয়ে দেশের আর্থসামাজিক উন্নয়ন ঘটাতে চায়। কেউ যেন সম্পূর্ণভাবে ভাতার ওপর নির্ভরশীল না হয়। যে কর্মক্ষম সে কাজ করে খাবে। গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'জাতীয় সমাজসেবা দিবস-২০১৮' উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৪।	একনেকে ১৬ প্রকল্প অনুমোদন**

বঙ্গোপসাগরে জেগে ওঠা নতুন চর উন্নয়নসহ ১৬ প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৫ হাজার ২২০ কোটি ৮৩ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে পাওয়া যাবে ৪ হাজার ৭৪৪ কোটি ১২ লাখ টাকা। বৈদেশিক সহায়তা থেকে ৪৬২ কোটি ৮৮ লাখ টাকা এবং বাস্তবায়নকারী সংস্থা থেকে পাওয়া যাবে ১৩ কোটি ৮৩ লাখ টাকা। গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৫। স্বাস্থ্যকর্মীদের ঝুঁকিভাতা চালু করতে কমিটি গঠনের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রী'র**

মাঠ পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের ঝুঁকিভাতা চালু, গ্রেড পরিবর্তন, প্রতি ওয়ার্ডে একজন স্বাস্থ্য সহকারী নিয়োগ, চাকরিক্ষেত্রে পোষ্য কোটা প্রচলনের দাবি বাস্তবায়নের সুপারিশ প্রদানের জন্য স্বাস্থ্যসেবা বিভাগের সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করে দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। মন্ত্রীর এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে স্বাস্থ্যকর্মীরা তাৎক্ষণিকভাবে আন্দোলন স্থগিত করে কাজে যোগদান করার ঘোষণা দিয়েছেন। গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে বাংলাদেশ স্বাস্থ্য সহকারী অ্যাসোসিয়েশন এবং বাংলাদেশ স্বাস্থ্য পরিদর্শন সমিতির প্রতিনিধিদলের সাথে বৈঠকে সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.২)।

**৬। মাদক নির্মূলে জাতীয় ঐকমত্য প্রয়োজন : প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী**

মাদক নির্মূলে জাতীয় সংলাপ প্রয়োজন। কারণ জাতীয় ঐকমত্য ছাড়া মাদক নির্মূল সম্ভব নয়। গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এমপি এ কথা বলেন। তিনি বলেন, সংলাপে সবাই যদি মনে করেন, মাদক দেশের এক নম্বর সমস্যা, তা হলে কঠোর হতে হবে। কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে। এ জন্য মাদক ব্যবসায়ীদের দেখামাত্র গুলি করার মতো সিদ্ধান্ত নিতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৭। ফেনীতে দেশের প্রথম ছয় লেন ফ্লাইওভার উদ্বোধন আগামীকাল**

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ফেনীর মহিপালে যানজট নিরসনে বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে নির্মাণ করা হয়েছে দেশের প্রথম ৬ লেনের ফ্লাইওভার। এই ফ্লাইওভার আগামীকাল ৪ জানুয়ারি বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করবেন বলে জানিয়েছেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮)।

**৮। হাওরে বাঁধ নির্মাণে অনিয়ম-দুর্নীতির অভিযোগে ৬১ জনের বিরুদ্ধে মামলা চলবে**

হাওরে বাঁধ নির্মাণে অনিয়ম-দুর্নীতির অভিযোগে পানি উন্নয়ন বোর্ডের সিলেট-সুনামগঞ্জ অঞ্চলের ১৫ কর্মকর্তা ও ৪৬ ঠিকাদারসহ ৬১ জনের বিরুদ্ধে করা মামলার কার্যক্রম চলবে। দুর্নীতি দমন কমিশনের আবেদনের পরিপ্রেক্ষিতে গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) দায়িত্বপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহ্‌হাব মিঞার নেতৃত্বাধীন পাঁচ বিচারপতির আপিল বেঞ্চ হাইকোর্টের আদেশ স্থগিত করে এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.১)।

**৯। নির্বাচন কমিশনের খসড়া তালিকা অনুযায়ী দেশে ভোটার ১০ কোটি ৪০ লাখ**

নির্বাচন কমিশনের (ইসি) তথ্যানুযায়ী, হালনাগাদ শেষে খসড়া তালিকা অনুযায়ী দেশে বর্তমানে মোট ভোটার সংখ্যা ১০ কোটি ৪০ লাখ ৫১ হাজার ৮৮৩ জন; এর মধ্যে পুরুষ ভোটার ৫ কোটি ২৪ লাখ ৬২ হাজার ৮৬৫ এবং নারী ভোটার ৫ কোটি ১৫ লাখ ৮৯ হাজার ১৮ জন। এই তালিকা নিয়ে দাবি, আপত্তি ও সংশোধনীর নিষ্পত্তি করে নির্বাচন কমিশন আগামী ৩১ জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে। গতকাল (২ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে 'খসড়া ভোটার তালিকা প্রকাশ' উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে ইসির ভারপ্রাপ্ত সচিব হেলালুদ্দীন আহমদ এসব তথ্য জানান। ইসি সূত্র জানায়, দেশের সব জেলা, উপজেলা নির্বাচন অফিস, ইউনিয়ন পরিষদসহ গুরুত্বপূর্ণ স্থানে গতকাল খসড়া ভোটার তালিকা দেখার জন্য উন্মুক্ত রাখা হয়েছে। খসড়া তালিকা প্রকাশিত তথ্য সম্পর্কে ভোটারদের কোনো দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদনের শেষ সময় ১৭ জানুয়ারি। নিষ্পত্তির শেষ সময় ২২ জানুয়ারি ও নিষ্পত্তি শেষে সিদ্ধান্ত ২৭

জানুয়ারির মধ্যে এবং চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকা প্রকাশ করা হবে ৩১ জানুয়ারি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮),**প্রথম আলো** (পৃ.১৬,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**১০। শৈত্যপ্রবাহ এ মাসেই, নদী অববাহিকায় থাকবে কুয়াশা : আবহাওয়া অধিদফতর**

জানুয়ারিতে দেশজুড়ে তীব্র শীত অনুভূত হবে । এ মাসের অধিকাংশ সময়জুড়ে শৈত্যপ্রবাহের আধিপত্য থাকবে। আবহাওয়া অধিদফতর জানায়, জানুয়ারি মাসে দেশের উত্তর, উত্তর-পূর্বাঞ্চল, পশ্চিম ও মধ্যাঞ্চলে ১ থেকে ২টি মাঝারি ও তীব্র ধরনের শৈত্যপ্রবাহ এবং অন্যত্র ২ থেকে ৩টি মৃদু ও মাঝারি শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে। দেশের নদ-নদী অববাহিকায় মাঝারি বা ঘন কুয়াশা এবং অন্যত্র হালকা বা মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে। আর ফেব্রুয়ারি মাসে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** খুলনার আটটি রাষ্ট্রায়ত্ত পাটকলের শ্রমিকের কয়েক সপ্তাহ ধরে মজুরি পাচ্ছেন না উল্লেখ করে পাটকলগুলোর দুরবস্থা নিরসনে দৃষ্টি দেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** দেশের অধিকাংশ সড়ক নির্মাণে নিম্নমান ও প্রয়োজনের তুলনায় কম উপকরণ ব্যবহার করা হচ্ছে এ অভিযোগ আমলে নিয়ে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** রাজধানীতে ট্রাফিক বিভাগের অন স্ট্রিট পার্কিং প্রস্তাবকে স্বাগত জানিয়ে এ প্রস্তাবটি যথাযথ ভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ইনকিলাব :** রেলের উন্নয়নে যথাযথভাবে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার, জনকণ্ঠ, যুগান্তর :** নববর্ষের প্রথম দিনেই শিক্ষার্থীদের হাতে প্রায় সাড়ে ৩৫ কোটি পাঠ্যবই তুলে দেওয়ার ব্যাপারটি সরকারের একটি অন্যতম সাফল্য বলে অভিমত প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ঝিনাইদহ সদর উপজেলার সানচাই নদীর ওপরের সানচলা বন্ধ হয়ে যাওয়া জরাজীর্ণ ব্রিজটি দ্রুত মেরামত করে ২০ গ্রামের মানুষের দুর্ভোগ লাঘবের সুপারিশ।

ছ. **নিউ নেশন :** দেশে রেমিট্যান্স প্রবাহের ধারা অব্যাহত রাখতে পূর্ব এশিয়াও দক্ষিণ আফ্রিকায় নতুন শ্রমবাজার খুজে বের করতে উদ্যোগ গ্রহণের সুপারিশ।

জ. **ডেইলি সান, ভোরের কাগজ :** ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী বাংলাদেশের তৈরি পণ্যের বাজার সম্প্রসারণে ব্যবসায়ীদের নতুন নতুন বাজার খোঁজার যে পরামর্শ দিয়েছেন তা খুব গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করে আমদানীকৃত পণ্যের প্রভাবে স্থানীয় ব্যবসায়ীরা যেন ক্ষতিগ্রস্ত না হয় তা নিশ্চিত করাসহ মানসম্মত পন্য উৎপাদনের প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপসম্পাদকীয়

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে সংস্কৃতিই রাজনৈতিক ঐক্যের হাতিয়ার বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বই উৎসব ও শিশু শিক্ষার সাতকাহন'** শিরোনামের নিবন্ধে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে বিনামূল্যে পাঠ্যবই প্রদান সমাজের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীর ছেলে-মেয়েদের পড়ালেখার ক্ষেত্রে অনন্য অবদান রাখছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘণ্টা